১৫

দৈনিক ইত্তেফাক

তারিখ ... MAY. 5. 1999
পৃষ্ঠা ১৭ কলাম ২

# মেহেরপুরের ৩৮টি গ্রামে প্রাথমিক বিদ্যালয় নাই

## ২০ হাজার শিশু প্রাথমিক শিক্ষা হইতে বঞ্চিত

**মেহেরপুর হইতে সংবাদদাতা ॥** জেলার সদর থানা ও গাংনী থানার ১৫টি ইউনিয়নের ৩৮টি গ্রামে প্রাথমিক শিক্ষার জন্য আজও কোন প্রাথমিক বিদ্যালয় প্রতিষ্ঠিত হয় নাই। ফলে আনুমানিক ২০ হাজার শিশু দীর্ঘদিন যাবৎ প্রাথমিক শিক্ষা হইতে বঞ্চিত হইতেছে।

এই জেলার সদর থানার ৭টি ইউনিয়নের ২০টি গ্রামে ও গাংনী থানার ৮টি ইউনিয়নের ১৮টি গ্রামে কোন প্রাথমিক বিদ্যালয় নাই। জেলা প্রাথমিক শিক্ষা অফিস সূত্রে জানা যায়, সদর থানার কুতুবপুর ইউনিয়নের চক [illegible]পুর, মনোহরপুর, বুড়িপোতা ইউনিয়নের বারাকপুর, রাধাকান্তপুর, আমঝুপি ইউনিয়নের মন্ডলপাড়া গ্রাম, কাচারী পাড়াগ্রাম, ইসলামনগর, ধানতলা, বসন্তপুর, ডুমুরপাড়া গ্রাম, আমদহ ইউনিয়নের খন্দকার পাড়া, চালতলাগ্রাম, দারিয়াপুর ইউনিয়নের গোপিনাথপুর, বিদ্যাধরপুর, পিরোজপুর ইউনিয়নরে টুঙ্গি, শিমুলতলা, চাঁদপুর, পাটাপোকা ও কলায়ডাঙ্গা, গাংনী থানার সাহারবাটি ইউনিয়নের দুর্লভপুর, ষোলটাকা ইউনিয়নের চক ধারানগর, মানিকদিয়া, ছকাপাড়া, চক আম তৈলী, মহেশপুর আমতলা, বামুন্দী ইউনিয়নের আলীনগর, ভোলারহাট, তেতুলবাড়িয়া ইউনিয়নের ইসলামপুর, মথুরাপুর, গরীবপুর, দুলাল নগর, ছোট বামুন্দী, এ্যালাঙ্গী, কাজীপুর ইউনিয়নের নতুন ব্রজপুর, দক্ষিণ তেঁতুলবাড়িয়া, ধানখোলা ইউনিয়নের কড়াইখালি বোবার হাট গ্রামে কোন প্রাথমিক বিদ্যালয় না থাকায় ২টি থানার প্রায় ২০ হাজার শিশু প্রাথমিক শিক্ষা হইতে বঞ্চিত হইতেছে।